রেজিস্টার্ড নং ডি এ-১

"জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"


# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বুধবার, জুলাই ১৫, ২০২০**


**[বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ]**

**ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল**
**Financial Reporting Council**
Government of the People's Republic of Bangladesh

**প্রজ্ঞাপন**

নং: ১৭৯/এফআরসি/এফআরএম/প্রজ্ঞাপন/২০২০/২, তারিখ: ২৩ আষাঢ় ১৪২৭/০৭ জুলাই ২০২০

বিষয়: **অংশগ্রহণমূলক ভবিষ্য তহবিল (প্রভিডেন্ড ফান্ড) এ নিয়োগকর্তা কর্তৃক প্রদত্ত চাঁদা বাজেয়াপ্ত তহবিল এর হিসাব সম্পর্কিত নির্দেশনা:**

ফাইনান্সিয়াল রিপোর্টিং আইন, ২০১৫ এর ২(৮) ধারায় সংজ্ঞায়িত জনস্বার্থ সংস্থা ও ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপন নং ১৭৯/এফআরসি/এফআরএম/প্রজ্ঞাপন/২০২০-০১ তারিখ ১১ মার্চ ২০২০ অনুসারে বাংলাদেশে বিদ্যমান সকল জনস্বার্থ সংস্থা (যেমন: ব্যাংক, বীমাকারী, আর্থিক প্রতিষ্ঠান, সিকিউরিটি ইস্যুকারী প্রতিষ্ঠান, ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান, রাষ্ট্রীয় মালিকানাধীন কোম্পানি বা বাণিজ্যিক প্রতিষ্ঠানসমূহ, সংবিধিবদ্ধ কর্তৃপক্ষ ব্যক্তি খাতে পরিচালিত স্বেচ্ছা কার্যক্রম পরিচালনাকারী বেসরকারি সংস্থা (এনজিও), অ-তালিকাভুক্ত কোম্পানিসহ অন্যান্য সকল প্রতিষ্ঠান যাহাদের বার্ষিক রাজস্বের পরিমাণ ৫ (পাঁচ) কোটি টাকা অতিক্রম করিয়াছে বা মোট পরিসম্পদের পরিমাণ ৩ (তিন) কোটি টাকা এবং বহিঃদায় ১ (এক) কোটি টাকা) অথবা অনুরূপ কোনো প্রতিষ্ঠানে কর্মরত শ্রমিক বা কর্মচারীগণ বা উভয়ই তাহাদের নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট হইতে বেতন ও অন্যান্য ভাতাদি ছাড়াও প্রতিষ্ঠানভেদে অন্যান্য চাকুরী সুবিধাদি যেমন-পরিচালন ব্যয়সহ গাড়ী, বাজার মূল্য তুলনায় কম সুদে ঋণ, অপেক্ষাকৃত কম মূল্যে বা ক্ষেত্র বিশেষে বিনামূল্যে নিয়োগকারী প্রতিষ্ঠানের পণ্য বা সেবা ক্রয়, ভবিষ্য তহবিল (প্রভিডেন্ড ফান্ড), গ্র্যাচুইটি, ইত্যাদি সুবিধাবলি ভোগ করেন।


**মূল্য :** টাকা ৮.০০

যেহেতু, জনস্বার্থ সংস্থাসমূহের শ্রমিক বা কর্মচারীগণ বা উভয়ই তাহাদের নিয়োগপত্রের মাধ্যমে বাংলাদেশ শ্রম আইন ২০০৬, বাংলাদেশ শ্রম (সংশোধন) আইন ২০১৩, বাংলাদেশ শ্রম (সংশোধন) আইন ২০১৮, বাংলাদেশ শ্রম বিধিমালা ২০১৫, জনস্বার্থ সংস্থার নিজস্ব বা স্বীকৃত নিয়োগ বিধিমালা এবং শ্রমিক বা কর্মচারীদের বেতন-ভাতা, গ্র্যাচুইটি, প্রভিডেন্ড ফান্ড ইত্যাদি সংক্রান্ত বিধি-বিধান অনুসারে চাকুরী সুবিধাবলি পাওয়ার অধিকারী হন।

যেহেতু, ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল (এফআরসি) কর্তৃক সম্পাদিত পরিবীক্ষণে দেখা যায়, জনস্বার্থ সংস্থাসমূহের শ্রমিক বা কর্মচারী বা উভয়ের জন্য গঠিত অংশগ্রহণমূলক প্রভিডেন্ড ফান্ড (সিপিএফ)-এ নিয়োগকর্তার অংশ প্রাপ্য হওয়ার পূর্বে কিছু সংখ্যক শ্রমিক বা কর্মচারী উক্ত প্রতিষ্ঠানের চাকুরী হইতে ইস্তফা দেন অথবা অবসর গ্রহণ করেন। ফলশ্রুতিতে উক্ত শ্রমিক বা কর্মচারীগণ প্রভিডেন্ড ফান্ড হইতে নিয়োগকর্তার অংশ গ্রহণ করিতে পারেন না। উক্ত অদাবীকৃত অর্থ প্রভিডেন্ড ফান্ডের 'বাজেয়াপ্ত তহবিল' হিসাবে জমা করা হয়। এইরূপ শ্রমিক বা কর্মচারী বা উভয়ের চাকুরী সময়কালে নিয়োগকারী প্রতিষ্ঠান কর্তৃক পরিশোধিত প্রভিডেন্ড ফান্ডের 'বাজেয়াপ্ত তহবিল' উক্ত প্রতিষ্ঠানের লাভ-ক্ষতি বিবরণীতে ফেরত আনা অথবা পরবর্তীতে নিয়োগ কর্তার প্রদেয় অংশ হইতে সমন্বয় করা আইনানুগ বটে। ইহার ব্যত্যয়ের কারণে নিয়োগকারী প্রতিষ্ঠানের নীট মুনাফা কম দেখাইয়া এবং কর্পোরেট আয়কর সংরক্ষণ কম প্রদর্শন করিয়া প্রস্তুতকৃত আর্থিক বিবরণী ফাইনান্সিয়াল রিপোর্টিং আইন, ২০১৫ ও অন্যান্য বিধি-বিধান প্রতিপালন করিয়া প্রস্তুত করা হইয়াছে বলিয়া গণ্য করা যাইবে না।

আরও লক্ষ্যণীয় যে, উল্লিখিত ক্ষেত্রে প্রভিডেন্ড ফান্ডে নিয়োগকারী প্রতিষ্ঠান কর্তৃক প্রদেয় অংশ 'বাজেয়াপ্ত তহবিল' হিসেবে 'শ্রমিক বা কর্মচারী প্রভিডেন্ড ফান্ড (যে নামেই অভিহিত হউক না কেন)' এর আর্থিক অবস্থার বিবরণীতে দায় হিসেবে প্রদর্শন করিয়া বৎসরের পর বৎসর তাহা বিনিয়োগ করিয়া বিদ্যমান শ্রমিক বা কর্মচারীগণ বেশী মুনাফা গ্রহণ করিতেছেন এবং একটি নির্দিষ্ট সময় শেষে উক্ত 'বাজেয়াপ্ত তহবিল' নিয়োগকারী প্রতিষ্ঠানের বিদ্যমান কর্মচারী ও প্রভিডেন্ড ফান্ড এর সদস্যগণ নিজেদের মধ্যে বণ্টন করিয়া নিতেছেন, যা তহবিল তসরূফ এর পর্যায়ভুক্ত বলিয়া ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল মনে করে। ইহা ছাড়াও বিভিন্ন জনস্বার্থ সংস্থা কর্তৃক পরবর্তী সময়কালে (subsequent period) প্রভিডেন্ড ফান্ডে প্রদেয় অংশের সহিত 'বাজেয়াপ্ত তহবিল' সমন্বয় না করিয়া বা প্রতিষ্ঠানের লাভ-ক্ষতি হিসাবে ফেরত না আনিয়া প্রতিষ্ঠানের মুনাফা ও শেয়ার প্রতি আয় (ইপিএস) কম দেখানো এবং আয়কর ফাঁকি দেওয়া হইতেছে।

উল্লিখিত অবস্থার পরিপ্রেক্ষিতে ফাইনান্সিয়াল রিপোর্টিং আইন, ২০১৫ এ প্রদত্ত ক্ষমতাবলে জনস্বার্থ সংস্থার আর্থিক বিবরণী ও ভবিষ্য তহবিল (প্রভিডেন্ড ফান্ড) এর আর্থিক বিবরণী প্রস্তুতকরণ ও রিপোর্টিং করিবার ক্ষেত্রে ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল নিম্নরূপ নির্দেশনা জারি করিল :

১. অংশগ্রহণমূলক প্রভিডেন্ড ফান্ড (সিপিএফ) এর ট্রাস্টি বোর্ড (অথবা সংশ্লিষ্ট কমিটি তা যে নামেই অভিহিত হউক না কেন) কে প্রতি হিসাব বৎসর শেষে প্রভিডেন্ড ফান্ডে 'বাজেয়াপ্ত তহবিল' থাকিলে সংশ্লিষ্ট জনস্বার্থ সংস্থাকে তাহা ফেরত দিতে হইবে। জনস্বার্থ সংস্থা ও কর্মচারী ভবিষ্য তহবিল (প্রভিডেন্ড ফান্ড) এর হিসাবকাল একই দিনে সমাপ্ত হইলে সংশ্লিষ্ট

জনস্বার্থ সংস্থা উক্ত হিসাবকালেই ভবিষ্য তহবিলে (প্রভিডেন্ড ফান্ড) প্রদেয় অর্থ সমন্বয় করিবে। জনস্বার্থ সংস্থা ও কর্মচারী ভবিষ্য তহবিল (প্রভিডেন্ড ফান্ড) এর হিসাবকাল একই দিনে সমাপ্ত না হইলে সংশ্লিষ্ট ভবিষ্য তহবিল (প্রভিডেন্ড ফান্ড) এর হিসাব বৎসর শেষ হইবার ১২০ (একশত বিশ) দিনের মধ্যে নিরীক্ষা কার্য সম্পন্ন করিয়া পরবর্তী ৭ (সাত) কর্মদিবসের মধ্যে সংশ্লিষ্ট জনস্বার্থ সংস্থাকে 'বাজেয়াপ্ত তহবিল' ফেরত দিতে হইবে।

২. সংশ্লিষ্ট জনস্বার্থ সংস্থা এবং প্রভিডেন্ড ফান্ড এর ট্রাস্টি বোর্ড-কে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর প্রথম তফসিল : পার্ট "বি" এর শর্তাবলি পুঙ্খানুপুঙ্খভাবে পালন করিতে হইবে।

৩. সংশ্লিষ্ট জনস্বার্থ সংস্থাকে প্রভিডেন্ড ফান্ড হইতে ফেরত প্রাপ্ত 'বাজেয়াপ্ত তহবিল' লাভ-ক্ষতির বিবরণীতে 'অন্যান্য আয়' হিসাবে হিসাবভুক্ত করিয়া করযোগ্য আয় গণনা করিয়া কর্পোরেট আয়কর সংরক্ষণ করিতে হইবে।

৪. ২০১৫ সাল হইতে জনস্বার্থ সংস্থায় কর্মরত শ্রমিক বা কর্মচারীদের মধ্যে আনুপাতিক হারে প্রভিডেন্ড ফান্ডের 'বাজেয়াপ্ত তহবিল' বণ্টন করা হইয়া থাকিলে চাকুরীর নিয়োগপত্রের শর্ত অনুযায়ী তাহারা নিয়োগকারী প্রতিষ্ঠান কর্তৃক প্রদেয় হারের চাইতে বেশী পরিমাণে প্রভিডেন্ড ফান্ড সুবিধা গ্রহণ করিয়াছেন যাহা তাহাদের প্রভিডেন্ড ফান্ড এ্যাকাউন্ট হইতে আগামী ৩১ ডিসেম্বর, ২০২০ তারিখের মধ্যে আদায় করিতে হইবে এবং ৩ নং নির্দেশনা অনুযায়ী হিসাবভুক্ত করিতে হইবে।

৫. যে ক্ষেত্রে সুবিধাভোগী কর্মচারী কোম্পানি হইতে ইস্তফা দিয়াছেন বা অবসর গ্রহণ করিয়াছেন সেই ক্ষেত্রে নিয়োগকারী প্রতিষ্ঠান প্রভিডেন্ড ফান্ড বাবদ উক্ত কর্মচারীকে অতিরিক্ত পরিশোধিত অর্থ তাহার নিকট হইতে পুনরুদ্ধার করিবার জন্য যুক্তিসঙ্গত প্রচেষ্টা গ্রহণ করিবেন। সুবিধাভোগী কর্মচারীর নিকট হইতে যেই পরিমাণ অতিরিক্ত পরিশোধিত অর্থ পুনরুদ্ধার করিতে পারিবেন না সেই পরিমাণ অর্থ নিয়োগকারী প্রতিষ্ঠানের 'পরিচালন ক্ষতি (Operational loss)' হিসাবে পুনরায় শ্রেণিকৃত করিয়া হিসাবভুক্ত করিতে হইবে।

৬. প্রভিডেন্ড ফান্ড বাবদ (বাজেয়াপ্ত ফান্ডসহ) নিয়োগকারী প্রতিষ্ঠানের প্রদেয় হারের চেয়ে বেশী পরিমাণ প্রভিডেন্ড ফান্ড পরিশোধ করা হইয়া থাকিলে তাহা সংশ্লিষ্ট ট্রাস্টি বোর্ড (অথবা সংশ্লিষ্ট কমিটি তা যে নামেই অভিহিত হউক না কেন) নিয়োগকারী প্রতিষ্ঠানের অডিট কমিটি ও ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির সভায় আলোচনা করিতে হইবে ও সংশ্লিষ্ট ট্রাস্টি বোর্ডকে জবাবদিহিতার আওতায় আনা হইবে।

৭. প্রভিডেন্ড ফান্ড বাবদ (বাজেয়াপ্ত ফান্ডসহ) নিয়োগকারী প্রতিষ্ঠানের প্রদেয় হারের চেয়ে বেশী পরিমাণ প্রভিডেন্ড ফান্ড পরিশোধ করা হইয়া থাকিলে এবং নিরীক্ষা প্রতিবেদনে নিরীক্ষকের বিরূপ মতামত না থাকিলে সংশ্লিষ্ট নিরীক্ষা ফার্মকে ফাইনান্সিয়াল রিপোর্টিং আইন, ২০১৫ এর ধারা ৪৮ ও ৫০ এবং ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল কর্তৃক প্রণীত বিধি-বিধান এর অধীনে জবাবদিহিতার আওতায় আনা হইবে।

৮. জনস্বার্থ সংস্থার শ্রমিক বা কর্মচারী ভবিষ্য তহবিল (Employee Provident Fund) এর আর্থিক বিবরণীসমূহ হিসাব বৎসর সমাপ্ত হইবার পরবর্তী ১২০ (একশত বিশ) দিনের মধ্যে নিরীক্ষিত আর্থিক বিবরণী ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল, অর্থ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর কার্যালয়সহ প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী সংস্থার কার্যালয়ে জমা করিতে হইবে।

৯. যদি কোনো ব্যক্তি এই প্রজ্ঞাপনে উল্লিখিত কোনো শর্ত ভঙ্গ অথবা নির্দেশনা প্রতিপালন না করেন বা প্রতিপালনে ব্যর্থ হন তাহা হইলে ফাইনান্সিয়াল রিপোর্টিং আইন, ২০১৫ এর ধারা ৪৮ এর অধীনে উহা হইবে একটি অপরাধ এবং উক্ত অপরাধের জন্য তিনি অনধিক ৫ (পাঁচ) বছরের কারাদণ্ড অথবা অন্যূন ৫ (পাঁচ) লক্ষ টাকা জরিমানা বা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন।

উল্লিখিত নির্দেশনাসমূহ উপরে বর্ণিত সকল প্রকার জনস্বার্থ সংস্থার জন্য অবিলম্বে কার্যকর হইবে।

**সি কিউ কে মুসতাক আহমদ**
চেয়ারম্যান
ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল।

মোহাম্মদ ইসমাইল হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আসাদুজ্জামান, উপপরিচালক (অতিঃ দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd